

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৭৭

১/ বিবিধ

আরবী

ابن آدم! عندك ما يكفيك وأنت تطلب ما يطغيك. ابن آدم! لا من قليل تقنع، ولا من كثير تشبع. ابن آدم! إذا أصبحت معافى في جسدك، آمنا في سربك، عندك قوت يومك فعلى الدنيا العفاء
موضوع

رواه أبو نعيم (6 / 98) والخطيب (12 / 72) وكذا ابن السني في " القناعة " (3 / 2) وابن عساكر (5 / 263 / 2) عن أبي بكر الداهري: أخبرنا ثور بن يزيد عن خالد ابن مهاجر عن ابن عمر مرفوعا. قلت: وهذا
موضوع، أبو بكر الداهري. قال الذهبي في الكنى: " ليس بثقة ولا مأمون وقال الجوزجاني: " كذاب ". وقال العقيلي: " لا يقيم الحديث، ويحدث ببواطيل عن الثقات ". وقال أبو نعيم: " روى عن إسماعيل بن أبي خالد والأعمش الموضوعات والحديث عزاه السيوطي لابن عدي والبيهقي في " الشعب " فتعقبه المناوي بقوله: " ونقله عن ابن عدي وسكوته عليه يوهم أنه خرجه وسلمه، والأمر بخلافه بل قال: أبو بكر الداهري كذاب متروك، وقال الذهبي: متهم بالوضع. وهكذا هو في " شعب البيهقي ". وذكر نحوه الحافظ ابن حجر، فكان ينبغي حذفه ". وقال الحافظ الهيثمي (10 / 289): " رواه الطبراني في " الأوسط " عن ابن عمر. وفيه أبو بكر الداهري وهو ضعيف

৬৭৭। হে আদম সন্তান! তোমার নিকট তোমার জন্য যথেষ্ট পরিমাণ থাকা সত্ত্বেও যা তোমাকে অবাধ্য হতে সহযোগিতা করবে তা তালাশ করছ। হে আদম সন্তান! তুমি অল্পে তুষ্ট থাকতে পারছ না আর বেশীতে পরিতুষ্ট হতে পারছ না। হে আদম সন্তান! তুমি যখন সুস্থ শরীর ও তোমার বাসগৃহে নিরাপদ অবস্থায় সকাল কর। তখন তোমার একদিনের খাদ্য থাকলে দুনিয়ার উপর তোমার নিরাপত্তা বিধান করা অপরিহার্য হয়ে যায়।

হাদীছটি জাল।

এটি আবু নোয়াইম (৬/৯৮), আল-খাতীব (১২/৭২), ইবনুস সুন্নী "আল-কনায়াহ" (২/৩) গ্রন্থে এবং ইবনু আসাকির (৫/২৬৩/২) আবু বাকর আদ-দাহের ইতে তিনি ছাওর ইবনু ইয়াযীদ হতে তিনি খালেদ ইবনু মুহাজের হতে তিনি ইবনু উমার (রাঃ) হতে মারফূ' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। আবু বাকর আদ-দাহের সম্পর্কে ইমাম যাহাবী "আল-কুনা" গ্রন্থে বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন আর নিরপদও নন। জুযজানী বলেনঃ তিনি মিথ্যুক। উকায়লী বলেনঃ হাদীছটি সাব্যস্ত হয়নি। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাতিল হাদীছ বর্ণনা করেছেন। আবু নোয়াইম বলেনঃ তিনি ইসমাঈল ইবনু আবী খালেদ এবং আমাশ হতে জাল হাদীছ বর্ণনা করেছেন।

মানবী বলেন, ইবনু আদী বলেছেনঃ আবু বাকর আদ-দাহের মিথ্যুক, মাতরুক। যাহাবী বলেনঃ তিনি জাল করার দোষে দোষী। বাইহাকীর "আশ-শুয়াব" গ্রন্থে অনুরূপই এসেছে। হাফিয ইবনু হাজারও অনুরূপ কথাই উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71556>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন